



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার ঢাকা-১২১৫।

ফোনঃ চেয়ারম্যান- ৫৫০১৩৭১৩, সার্বক্ষণিক সদস্য-৫৫০১৩৭১৫, সচিব- ৫৫০১৩৭১৭

ই-মেইল info@nhrc.org.bd ওয়েব : www.nhrc.org.bd

স্মারক নং: এনএইচআরসিবি/অভিযোগ/Suomoto/৫৫/১৯-৪০৪৬

তারিখ: ০৩/১১/২০১৯


বিষয়: স্কুলে থেকে ফেরার পথে ধর্ষণের শিকার হল ছাত্রী শিরোনামে প্রকাশিত সংবাদ সংক্রান্ত।

২৯ অক্টোবর ২০১৯ 'বাংলাদেশ প্রতিদিন' পত্রিকায় 'বোন স্কুলে গেল ছাত্রী হয়ে ফিরল ধর্ষিতা হয়ে' শিরোনামে প্রকাশিত সংবাদের প্রতি জাতীয় মানবাধিকার কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। প্রকাশিত সংবাদে উল্লেখ করা হয় যে, মৌলভীবাজারে স্কুলছাত্রীকে ধর্ষণের ঘটনায় মামলা রুজু করায় ভুক্তভোগী পরিবারকে হুমকি দেওয়ার অভিযোগ পাওয়া গেছে। এর প্রতিবাদ জানিয়ে মানববন্ধন হয়েছে। এবং ২৪ ঘণ্টার মধ্যে প্রধান আসামি আনিছ মিয়াকে গ্রেফতার ও দোষীদের শাস্তির দাবি জানিয়েছেন বক্তারা। ছাত্রীর ভাই বলেন, 'তার বোন গত বৃহস্পতিবার স্কুলে গিয়েছিল ছাত্রী হয়ে কিন্তু ফিরেছে ধর্ষিতা হয়ে। বাড়ি ফেরার পথে আনিছ ও সানু বোনকে হত্যার উদ্দেশ্যে তুলে নিয়ে ধর্ষণ করে। বোনের শরীরের বিভিন্ন অংশে চাকুর আঘাত রয়েছে। ঘটনার পর বোনকে থানায় নিয়ে পুলিশ ভয়ভীতি দেখিয়ে মনগড়া বিবরণী আদায় করে।'

০২। অভিযোগের বিষয়ে মামলা দায়ের করা হয়েছে মর্মে প্রকাশিত সংবাদে উল্লেখ করা হয়। এমতাবস্থায়, মামলাটি বিশেষভাবে নজরদারী করাসহ মামলার তদন্তের অগ্রগতি সম্পর্কে (মামলার নম্বর সহ) আগামী ০১/১২/১৯ তারিখের মধ্যে কমিশনকে অবহিত করতে আদিষ্ট হয়ে তাঁকে অনুরোধ করা হল। এই সঙ্গে পত্রিকার ছায়ািলিপি প্রেরণ করা হল।

সংযুক্ত: পাতা।

পুলিম সুপার
মৌলভীবাজার


আল-মাহমুদ ফায়জুল কবীর
পরিচালক (অভিযোগ ও তদন্ত)
(জেলা ও দায়রা জজ)
জাতীয় মানবাধিকার কমিশন
ফোনঃ ৫৫০১৩৭১৮(দপ্তর)